# পত্নীতলা উপজেলার আইসিটি কমিটির নভেম্বর /২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোছাঃ রুমানা আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, পত্নীতলা, নওগাঁ ।

সভার স্থানঃ সভাকক্ষ

সভার তারিখঃ ২৩ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা

**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার বক্তব্য শুরু করেন । বক্তব্যের শুরুতেই তিনি বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকল্প নেই। তিনি উপজেলায় আইসিটি কমিটিকে তাদের কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বলেন এবং কার্যক্রম অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোছাঃ কুলছুম খাতুন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কে সভা সঞ্চালনা করার অনুরোধ জানান।

০২। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মোছাঃ রুমানা আফরোজ এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোছাঃ কুলছুম খাতুন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোছাঃ কুলছুম খাতুন তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি মহোদয় সকল অফিসের ওয়েব পোর্টালে সকল তথ্য হালনাগাদ আছে কিনা তা যাচাই করার জন্য এবং তথ্য হালনাগাদ না থাকলে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য সদস্য সচিবকে বলেন।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধায়নে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য তথ্যবাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার। |
| ০৩ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ই-গভর্নেন্স প্রতিষ্ঠার লক্ষ্যে উপজেলার ২০ টি দপ্তরের দপ্তর প্রধানকে ই-নথি ও ডি-নথি এবং একজন করে কর্মচারীকে ই-নথির প্রশিক্ষন দেওয়া হয়েছে।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার । |
| ০৪ | প্রশিক্ষণ সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অর্থায়নে ভেন্ডর কোম্পানির সহায়তায় অত্র উপজেলার ১১ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের ৪ জন করে মোট ৪৪ জন শিক্ষককে ১০ দিন ব্যাপি ব্যাসিক "আইসিটি ইন এডুকেশন লিটারেসি ট্রাবলসুটিং ও মেইন্টেইনেন্স" বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রশিক্ষণের সনদ ১৮ই অক্টোবর শেখ রাসেল দিবসে প্রদান করা হয়েছে বলে সদস্য সচিব জানান। | অর্থায়নে নিজস্ব দপ্তর, সহযোগী প্রকল্প। বাস্তবায়নে সহকারি প্রোগ্রামার। |

| | | | |
|---|---|---|---|
| | | জাতীয় তথ্য বাতায়ন কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান সহ অন্যান্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে সভায় মনে করা হয়।<br>বিভিন্ন দপ্তরের কর্মচারিদের ও ই-নথির প্রশিক্ষন দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন বলে সভায় মনে করা হয়।<br>সভাপতি মহোদয় সদস্য সচিবকে সকল অফিসারদের নিয়ে একটি ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ এর আয়োজন করতে বলেন। | |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার। |
| ০৬ | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়ক | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের মাধ্যমে জনগনকে সচেতন করা হয়। সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকলে |
| ০৭ | EDC প্রকল্পের জয় D-SET সেন্টার | আগামী ১৮ই অক্টোবর শেখ রাসেল দিবসে জয় D-SET সেন্টার এর ভিত্তি প্রস্তর সারা বাংলাদেশে একযোগে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন। ০৩/১১/২০২৩ তারিখে EDC প্রকল্পের জয় D-SET সেন্টার ভবনের ছাদ ঢালাই দেওয়া হয়।ভবনটির কাজ চলমান রয়েছে। | উপজেলা ইঞ্জিনিয়ার |
| ০৭ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগন স্মার্ট বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব মোছাঃ রুমানা আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
পত্নীতলা, নওগাঁ।
ফোনঃ ০৭৪২৮-৬৩০০৪
unopatnitola@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পত্নীতলা, নওগাঁ
doict.patnitala.naogaon.gov.bd

স্মারক নং -৫৬.০৪.৬৪৭৫.০০০.০৬.০০১.২০-২০

তারিখঃ ০৮ই অগ্রহায়ন ১৪৩০ বাংলা
২৩ই নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

০১ জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, ৪৭, নওগাঁ-২।
০২ মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩ জেলা প্রশাসক, নওগাঁ।
০৪ চেয়ারম্যান উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ।
০৫ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ।
০৬ সহকারি কমিশনার (ভূমি), পত্নীতলা, নওগাঁ।
০৭ অধ্যক্ষ এর প্রতিনিধি, নজিপুর সরকারি কলেজ, পত্নীতলা, নওগাঁ।
০৮ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পত্নীতলা, নওগাঁ।
০৯ উপজেলা কৃষি অফিসার, পত্নীতলা, নওগাঁ।
১০ উপজেলা মৎস্য অফিসার, পত্নীতলা, নওগাঁ ।
১১ অফিসার ইন চার্জ, পত্নীতলা থানা, পত্নীতলা, নওগাঁ।
১২ উপজেলা প্রকৌশলী, পত্নীতলা, নওগাঁ।
১৩ প্রধান শিক্ষক, নজিপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, পত্নীতলা, নওগাঁ।
১৪ অধ্যক্ষ এর প্রতিনিধি, চৌরাট শিবপুর বরেন্দ্র ডিগ্রি কলেজ, পত্নীতলা, নওগাঁ।
১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পত্নীতলা, নওগাঁ।
১৬ উপজেলা শিক্ষা অফিসার, পত্নীতলা, নওগাঁ ।
১৭ উপজেলা সমাজসেবা অফিসার, পত্নীতলা, নওগাঁ ।
১৮ প্রধান শিক্ষক, নজিপুর বালিকা উচ্চ বিদ্যালয়, পত্নীতলা, নওগাঁ।
১৯ উপসহকারী প্রকৌশলী , বিটিসিএল, পত্নীতলা, নওগাঁ।
২০ উদ্যোক্তা, পাটিচড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পত্নীতলা, নওগাঁ।
২১ অফিস কপি।

(মোছাঃ কুলছুম খাতুন)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পত্নীতলা, নওগাঁ
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
মোবাইলঃ ০১৭৫৬৫১০৮৩৭
Email: kulsum.ap904@gmail.com

CamScanner